

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩৪৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫০. নামাযের মধ্যে ভুলক্রটি হওয়া ও তার বিধান এবং এই বিষয় সংক্রান্ত প্রাসঙ্গিক হাদীস। নামাযরত অবস্থায় নামাযীর সামনে দিয়ে কোন কিছু অতিক্রম করলে তাতে নামায নষ্ট হয় না

بَابُ صِفَةِ السَّهْوِ فِي الصَّلَاةِ وَأَحْكَامِهِ وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِي ذَلِكَ وَأَنَّهُ لَا يَقْطَعُ الصَّلَاةَ شَيْءٌ يَمُرُّ بَيْنَ يَدَيْهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ مِرْدَاسٍ ، ثَنَا أَبُو دَاوُد ، ثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدٍ ، ثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ أَيُّوبَ عَنْ مُحَمَّدِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُمَّ قَامَ _ إِحْدَى صَلَاتَي الْعُشِيِّ الظُّهْرِ أَوِ الْعَصْرِ _ قَالَ : _ فَصَلَّى بِنَا رَكْعَتَيْنِ ثُمَّ سَلَّمَ ثُمَّ قَامَ إِلَى خَشَبَةٍ فِي مُقَدَّمِ الْمُسْجِدِ فَوَضَعَ يَدَيْهِ عَلَيْهَا إِحْدَاهُمَا عَلَى الْأُخْرَى يُعْرَفُ فِي وَجْهِهِ إِلَى خَشَبَةٍ فِي مُقَدَّمِ الْمَسْجِدِ فَوَضَعَ يَدَيْهِ عَلَيْهَا إِحْدَاهُمَا عَلَى الْأُخْرَى يُعْرَفُ فِي وَجْهِهِ الْفَخْرَى بُعْرَفُ فِي وَجْهِهِ الْفَخْرَى بُعْرَفُ لَهُ إِلَى خَشَبَةٍ فِي مُقَدَّمِ الْصَلَّاةُ أَنْ يُكَلِّمَاهُ ، فَقَامَ رَجُلٌ كَانَ رَسُولُ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ يُسَمِّيهِ ذَا الْيَدَيْنِ فَقَالَ : يَا رَسُولَ اللَّهِ أَنسِيتَ أَمْ قَصُرُتِ الصَّلَاةُ ؟ ، قَالَ : " وَسَلَّمَ _ يُسَمِّيهِ ذَا الْيَدَيْنِ فَقَالَ : يَا رَسُولَ اللَّهِ أَسِيتَ أَمْ قَصُرُتِ الصَّلَاةُ ؟ ، قَالَ : " لَمُ مَنْ وَلَمْ مَلْ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ _ عَلَى الْقَوْمِ فَقَالَ : " أَصَدَقَ ذُو الْيَدَيْنِ " . فَأَوْمَتُوا ، أَيْ يَعَمْ فَرَجَعَ لَلَهُ عَلَيْهِ وَسَلَّمَ _ عَلَى الْقَوْمِ فَقَالَ : " أَصَدَقَ ذُو الْيَدَيْنِ " . فَأَوْمَتُوا ، أَيْ يَعَمْ فَرَجَعَ لَلَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمُ فَي السَّهُو ، قَالَ : " وَسَكَم _ إِلَى مَقَامِهِ فَصَلَّى الرَّحُعَتَيْنِ الْبَاقِيَتَيْنِ أَمُ سَلَّمَ فَي السَّهُو ، قَالَ : كَمَّرَ وَسَجَدَ مِثْلُ سُجُودِهِ أَوْ أَطُولَ ثُمَّ مَوْلَ أَنْ عُمْرَانَ بْنَ حُصَيْنٍ قَالَ لُمُ مَنْ أَلِي قَالَ ثُمَّ سَلَّمَ هَي السَّهُو ، قَالَ : عُمْرَانَ بْنَ حُصَيْنٍ قَالَ ثُمَّ سَلَّمَ هَلَا مُكَلَّمَ مَنْ أَي قَالَ ثُمَّ مَلْ مَنْ أَيْ وَلَكُونُ ثُبَيْرَةً وَلَكِنْ ثُبَيْرَةً وَلَكِنْ ثُبَيْرَةً وَلَكِنْ نُونَ عُمْرَانَ بْنَ حُصَيْنٍ قَالَ ثُمَّ مَلَامَ مُ الْمَالَ مُ أَمْ مَلْمَ مَلَامَ مُ عَلْ الْمَعْمُ وَالْمَالَا مُ اللَّهُ عَلَى السَّهُ مَا اللَّهُ عَيْمَ الْمَعْرَانَ بُنَ مُ حَمْرَانَ بُن مُعَمَّا مِ الْمُ الْمَال

বাংলা

১৩৪৯(১). মুহাম্মাদ ইবনে ইয়াহইয়া ইবনে মিরদাস (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে অপরাহ্নের দুই ওয়াক্ত নামাযের এক নামায অর্থাৎ যুহর অথবা আসরের নামায পড়ান। (রাবী) বলেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাদের দুই রাআত নামায



পড়ান, অতঃপর সালাম ফিরান, অতঃপর মসজিদের সামনে অবস্থিত একটি কাষ্ঠখণ্ডের দিকে এগিয়ে গেলেন এবং তার উপরে তার এক হাত অপর হাতের উপর রাখেন। তার মুখমণ্ডলে অসন্তোষের ছাপ লক্ষ করা গেল। অতঃপর লোকজন (মসজিদ থেকে) দ্রুত গতিতে একথা বলতে বলতে বের হয়ে যাচ্ছিল, নামায হ্রাসপ্রাপ্ত হয়েছে, নামায হ্রাসপ্রাপ্ত হয়েছে।

উপস্থিত লোকজনের মধ্যে আবু বাকর (রাঃ) ও উমর (রাঃ)-ও উপস্থিত ছিলেন। কিন্তু তারা দু'জন তার সাথে কথা বলতে সমীহ করলেন। অতঃপর এক ব্যক্তি দাঁড়ালেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যার নাম রেখেছিলেন যুল-ইয়াদাইন। তিনি বলেন, ইয়া রাসূলাল্লাহু! আপনি কি নামাযে ভুল করেছেন, নাকি নামায হ্রাসপ্রাপ্ত হয়েছে? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ আমি ভুলও করিনি এবং নামায হ্রাসপ্রাপ্তও হয়নি। তিনি বলেন, ইয়া রাসূলাল্লাহু! বরং আপনি ভুলে গিয়েছেন।

অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম উপস্থিত লোকজনের দিকে ফিরে জিজ্ঞেস করেনঃ যুলইয়াদাইন কি সত্য বলেছে? তারা ইঙ্গিত করলেন, হাঁ। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম নিজের
স্থানে ফিরে গেলেন এবং অবশিষ্ট দুই রাকআত নামায পড়ালেন, তারপর সালাম ফিরালেন, তারপর তাকবীর বলে
পূর্বের অনুরূপ অথবা তার চেয়ে দীর্ঘ সিজদা করলেন, তারপর মাথা উঠালেন এবং তাকবীর বললেন। অধস্তন
রাবী মুহাম্মাদকে জিজ্ঞেস করা হলো, তিনি কি সাহু সিজদার পর সালাম ফিরালেন? (রাবী) বলেন, আমি আবু
হুরায়রা (রাঃ) থেকে তা স্মৃতিতে সংরক্ষণ করতে পারিনি। তবে আমাকে অবহিত করা হয়েছে যে, ইমরান ইবনে
হুসাইন (রহঃ) বলেছেন, তারপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সালাম ফিরিয়েছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন